**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**26 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ষোড়শ অর্থ কমিশনের অধ্যক্ষের নেতৃত্বে আসামে আসা দলটির মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, রাজ্যের ক্যাবিনেট মন্ত্রী ও বেশকয়েকজন উচ্চপদস্থ আধিকারিকের সঙ্গে আলোচনা/

(২) আসাম সরকার স্বচ্ছতা বজায় রেখে মেধার ভিত্তিতে নিযুক্তি প্রদানের ব্যবস্থা করেছে বলে রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি, গৃহনির্মাণ ও শহর পরিক্রমা বিভাগে ২৮২ জন কর্মপ্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

(৩) জাতীয় শিক্ষানীতি-২০২০এর ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার পাশাপাশি দক্ষতা বিকাশের পাঠ্যক্রমগুলিকে একত্রিত করা সম্পর্কে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু ও দক্ষতা বিকাশ মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়ার উপস্থিতিতে বৈঠক/

এবং

(৪) অরুণাচল প্রদেশ এবং নাগাল্যান্ডের একাংশ অঞ্চলে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন, আফস্পার মেয়াদ আরো ছ'মাস বৃদ্ধি/

---

চার দিনের সফরসূচী নিয়ে গতকাল গৌহাটীতে আসা ষোড়শ অর্থ কমিশনের অধ্যক্ষের নেতৃত্বে দলটি আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , রাজ্যের কেবিনেট মন্ত্রী তথা বেশ কয়েকজন উচ্চপদস্থ আধিকারিকের সংগে আলোচনায় বসেছেন। দলটির

সংগে বিভিন্ন রাজনৈতিক দল , স্থানীয় সংস্থা , পরিষদ ও শিল্প ক্ষেত্রের প্রতিনিধিরা ও আলোচনা করেন ।আলোচনাকালে মুখ্যমন্ত্রীর ,দেশের প্রতিটি রাজ্যের জন্য কর বিভাজন ও দারিদ্র দূরীকরণের জন্য বহুমুখী বন্টনের লক্ষ্যে শ্রেণী বিভাজন করার পরামর্শ প্রদানের কথা অর্থ কমিশনের অধ্যক্ষ ড: অরবিন্দ পানাগারিয়া উল্লেখ করেন । বৈঠকের পর সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় অধ্যক্ষ বলেন যে প্রতিবেশী রাজ্যগুলিকে পেট্রোলিয়ামজাত সামগ্রী আবন্টনের জন্য কর বিভাজনের ক্ষেত্রে আসামের অংশ হ্রাস পেয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।অধ্যক্ষ , মুখ্যমন্ত্রী দারিদ্রতা দূরীকরণের লক্ষে সম্পদের বহুমাত্রিক বন্টনের জন্য শ্রেনী বিভাজনের পরামর্শ দিয়েছেন এছাড়া রাজ্যগুলির নিজস্ব সম্পদ থেকে ৫ শতাংশ প্রদানের কথা ও তিনি বলেছেন । উল্লেখ্য অর্থ কমিশনের দলটি আগামীকাল কাজিরাঙা জাতীয় উদ্যান , জাগীরোডের সেমিকন্ডাক্টর প্রকল্পস্থল ও অন্যান্য স্থান পরিদর্শন করবে ।দলটি ২০২৫ সালের ৩১ শে অক্টোবরের আগে কমিশনের পরামর্শগুলি প্রদান করবে এবং এই পরামর্শগুলি ২০২৬ এর এপ্রিল মাস থেকে কার্যকর হবে ।উল্লেখ্য কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে কর রাজস্ব বিভাজন সম্পর্কে পরামর্শ প্রদানের জন্য রাষ্ট্রপতি অর্থ কমিশন গঠন করেছিলেন ।

---

আসাম সরকার আজ রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি, গৃহ নির্মাণ ও শহর পরিক্রমা বিভাগে ২৮২ জন কর্মপ্রার্থীকে নিযুক্তি পত্র বিতরণ করেছে । এর মধ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সহকারী বাস্তুকার পদে ৮১ জনকে গৃহনির্মাণ ও শহর পরিক্রমা বিভাগের প্রযুক্তি আধিকারিক পদে একশো জনকে এবং আর্থিক ব্যবস্থাপক পদে ১০১ জন প্রার্থীকে নিযুক্তি দেওয়া হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা নবনিযুক্ত প্রার্থীদের অভিনন্দন জানিয়ে নিষ্ঠা, সততা এবং উৎসর্গীকৃত মনোভাব নিয়ে নিজ নিজ ক্ষেত্রে সেবা প্রদানের জন্য নবনিযুক্ত কর্মচারীদের আহ্বান জানান । মুখ্যমন্ত্রী বলেন যে- আসাম একবার প্রতিশ্রুতি পূরণে সীমাবদ্ধ থাকায় বিশ্বাস করে না । বরং এই প্রক্রিয়া অব্যাহত রাখার প্রয়াস করে। আজ মুখ্যমন্ত্রীর এই নিযুক্তি পত্র বিতরণের সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের এক লক্ষ নিযুক্তি প্রদানের ব্যাপারে দেওয়া প্রতিশ্রুতি পূরণ হয়ে আরো ২৪ হাজারেরও বেশি নিযুক্তি সম্পন্ন হয়েছে । এপর্যন্ত রাজ্য সরকার এক লক্ষ ২৪ হাজার ৬২৭ টি পদে নিযুক্তি প্রদান করেছে । আসাম সরকার শুধুমাত্র লক্ষাধিক নিযুক্তি প্রদানই নয়, সমগ্র নিযুক্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রেখে মেধার ভিত্তিতে নিযুক্তি প্রদানের ব্যবস্থা করেছে বলেও তিনি প্রকাশ করেছেন ।

---

জাতীয় শিক্ষা নীতি ২০২০ র ভিত্তিতে রাজ্যের শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার সংগে দক্ষতা বিকাশের পাঠ্যক্রমগুলিকে একত্রিত করা সম্পর্কে আজ শিক্ষা মন্ত্রী ড: রণোজ পেগু ও দক্ষতা বিকাশ মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার উপস্থিতিতে এক বৈঠক অনুষ্ঠিত হয় ।

দিসপুরের  লোকসেবা ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে রাজ্যের শিক্ষার্থীদের জন্য অধিক ফলপ্রসূ শিক্ষণীয় অভিজ্ঞতা সৃষ্টি করা সহ তাদের দক্ষতা বিকাশের ক্ষেত্রে অধিক গুরুত্ব আরোপ করা নিয়ে আলোচনা করা হয় । আজকের বৈঠকে শিক্ষা বিবাগ , দক্ষতা বিকাশ বিভাগ ও এন এস ডি সির আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

উচ্চ রক্তচাপ, বহুমূত্র ইত্যাদি সহ বিভিন্ন রোগের ৫৩ ধরণের ওষুধ নিরাপদ নয় বলে ওষুধের কেন্দ্রীয় মান নিয়ামক সংস্থা প্রকাশ করেছে । সি ডি এস সি ও নামের এও ওষুধ নিয়ামক সংস্থা এই ওষুধগুলি ব্যবহারের অযোগ্য বলে ঘোষণা করেছে । শরীরের জন্য হানিকারক এই ৫৩ ধরণের ওষুধ হচ্ছে- বেশ কয়েক প্রকারের প্যারাসিটামল, পেন-ডি, শেলকেল, ভিটামিন-ডি কমপ্লেক্স, টেলমিসারটেন ইত্যাদি । উল্লেখ্য- রোগীর শরীরের জন্য হানিকারক এই ৫৩ রকমের ওষুধ দেশে বহুলভাবে প্রচলিত রয়েছে । বিশেষ করে হিন্দুস্তান এন্টিবায়োটিক্স লিমিটেড, মেগা লাইফ সায়েন্স, কিওর হেলথ কেয়ার কোম্পানি ইত্যাদির দ্বারা প্রস্তুত করা অধিকাংশ ওষুধ মান নিরূপণ সংক্রান্ত পরীক্ষায় ব্যর্থ হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ বিকেল ৪ টা ৩১ মিনিটে মৃদু ভূমিকম্প অনুভূত হয় । রিকটার স্কেলে এর প্রাবল্য ৪ দশমিক ৬ বলে জানা গেছে । এদিকে এর উৎস্যস্থল কামরুপ জেলার উপকণ্ঠ অঞ্চলে বলে প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশ ও ন্যাগাল্যান্ডের কিছু কিছু অঞ্চলে কেন্দ্রের সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন- আফস্পা'র মেয়াদ আরো ছ'মাস বাড়ানো হয়েছে । আগামী পয়লা অক্টোবর থেকে এই বর্দ্ধিত মেয়াদ কার্যকর হবে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে একথা প্রকাশ করে বলা হয়েছে যে- অরুণাচল প্রদেশের তিনটি এবং নাগাল্যান্ডের আটটি জেলা সহ অঞ্চল বিশেষে এই ব্যবস্থা কার্যকর হবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- অরুণাচল প্রদেশের তিরাপ, চাংলাং এবং লাংডিং এই তিনটি জেলা ছাড়াও নামসাই জেলার অর্ন্তগত মহাদেবপুর এবং চৌখাম থানার অর্ন্তগত এলাকাগুলিকে অশান্ত অঞ্চল হিসেবে চিহ্নিত করে আফস্পা প্রয়োগের ব্যবস্থা করা

হয়েছে । এদিকে নাগাল্যান্ডের আটটি জেলা সহ আরো ছ'টি জেলার বিশেষ বিশেষ অংশে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের মেয়াদ পুনরায় ছ'মাসের জন্য বৃদ্ধি করা হয়েছে । ঐ রাজ্যের যেসব জেলায় এই আইন সম্পূর্ণরূপে কার্যকর হবে, সেগুলি হচ্ছে- ডিমাপুর, নিউল্যান্ড, চুমুকডিমা, মন, কিফিরে, নক্লাক, ফেক এবং পেরেন ।

---

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের ব্যবস্থাপনায় এবং পঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি , আর সেটি কাছাড়ের সহযোগীতায় বরাক উপত্যকার বেকার যুবক-যুবতীদের সাবলম্বী করে তুলতে ১৩ দিনের প্রশিক্ষন কর্মশালা গতকাল শেষ হয়েছে । শিলচরে জেলা গ্রামন্নোয়ন সংস্থার কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত প্রশিক্ষন কর্মশালায় কাছাড় ও হাইলাকান্দি জেলার মোট ২১জন যুবক-যুবতী অংশগ্রহন করেছেন ।

---

করিমগঞ্জ জেলায় খাদ্য সুরক্ষা প্রকল্পের অধীনে ৫৭ হাজার নতুন হিতাধিকারী বাছাইর জন্য জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অতিরিক্ত জেলা আয়ুক্তের পৌরহিত্যে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামী ১৫ অক্টোবরের মধ্যে হিতাধীকারীদের কাছ থেকে প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহন করা সহ বর্তমানের রেশনকার্ডধারীদের থেকে নথিপত্র সংগ্রহ করার জন্য গ্রাম পঞ্চায়েতকে নির্দেশ দেওয়া হয়। নতুন রেশন কার্ডের জন্য আবেদন করতে হলে আবেদনকারী পরিবারের সব সদস্যের আধার কার্ড, সাম্প্রতিক ভোটার তালিকা বা ভোটার পরিচয়পত্র ও পরিবারের প্রধান অর্থাৎ আবেদনকারীরা ব্যাংক পাসবুকের প্রথম পৃষ্ঠার ফটোকপি সি ফর্মের সঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার গত ১৯ শে সেপ্টেম্বর ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে অরুণোদয়ের তৃতীয় পর্বের প্রকল্পের ৩৭ লক্ষ কুড়ি হাজার পরিবার বাছাই করের জাতীয় খাদ্য সুরক্ষা আইন ২০১৩ এর অধীনে ১৯ লক্ষ ৯২ হাজার ১৬৭ জন হিতাধীকারীকে এই সুবিধা প্রদানের কার্যসূচী ঘোষণা করেন।

---

করিমগঞ্জের স্বনামধন্য ব্যক্তিত্ব প্রয়াত রথীন্দ্র ভট্টাচার্যের স্মৃতিতে গঠন করা রথীন্দ্র ভট্টাচার্য্য মেমোরিয়াল ট্রাস্টের সম্পাদক সুদীপ ভট্টাচার্য্য জানিয়েছেন যে আগামীকাল করিমগঞ্জে প্রয়াত রথীন্দ্র ভট্টাচার্য্যের আবক্ষ প্রতিমূর্তি উন্মোচন অনিবার্য কারনে স্থগিত রাখা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বিশেষ কারনে করিমগঞ্জে উপস্থিত হতে পারবেন না বলে এই কার্যসূচী স্থগিত রাখা হয়েছে । উল্লেখ্য প্রয়াত

রথীন্দ্র ভট্টাচার্য্যের আবক্ষমূর্তি আগামীকাল শহরের অনুকুল সাগরের পাশে উন্মোচন হওয়ার কথা ছিল ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়  মিশন বসুন্ধরা কার্য্যসূচী আগামী দোসরা অক্টোবর থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হবে । এই কার্য্যসূচী সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে আজ হাইলাকান্দি রাজস্ব চক্রের ১৪টি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় । সভায় জানানো হয় যে আগামী দোসরা অক্টোবর থেকে মিশন বসুন্ধরার ধরিত্রী পোর্টাল চালু করা হবে । পোর্টালে জমির বিভিন্ন পরিষেবা পেতে দরখাস্ত করা যাবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেডের সম্পাদক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সমিতির কার্যকরী সমিতির প্রস্তাব অনুসারে এই সংগঠনের ভোটাধিকারপ্রাপ্ত সদস্যদের নামের তালিকা সমিতির অস্থায়ী কার্যালয়- ছাত্রবন্ধু বিদ্যামন্দির এবং তারাপুরের যুব মিত্র সংঘের ক্লাব গৃহে টাঙ্গানো রয়েছে । এই তালিকা সম্পর্কে কোনো দাবী -আপত্তি ও অভিযোগ থাকলে , আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সমিতির কার্যা লয়ে জানাতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

পানীভরা ক্লেভার হাউস নক আউট ফুটবল প্রতিযোগীতা-২০২৪ আজ থেকে ক্লেভার হাউস প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে শুরু হয়েছে । আজকের উদ্বোধনী ম্যাচে কাশীপুর নাইন স্টার ক্লাব ৪-১ গোলে ভুবনডহর টি ইস্টেট দলকে পরাজিত করে । প্রতিযোগীতার আগামীকালের খেলায় বড়খলা এফ সি , খুলিছড়া এফ সি দলের বিরুদ্ধে খেলবে ।

-----------------------------------------------------------------------------------